মেহেরপুরে বাংলাদেশ বিনির্মাণ বিষয়ে আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরে তারুণ্যনির্ভর উন্নত, সমৃদ্ধ, বৈষম্যহীন ও জবাবদিহিতামূলক বাংলাদেশ বিনির্মাণে আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার (২৯ অক্টোবর) দুপুরে জেলা তথ্য অফিস আয়োজিত বার্ষিক কম সম্পাদন চুক্তি (এপিএ) ২০২৪-২৫ এর আওতায় ইসলামিক ফাউন্ডেশনের সম্মেলন কক্ষে এ মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ্ আল মামুনের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন- জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ, নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ, ছাত্র প্রতিনিধি ইমতিয়াজ আহমেদ, আমির হামজা প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন, তরুণ প্রজন্মের মাধ্যমে আমরা নতুন যে বাংলাদেশ পেয়েছি তা ধরে রাখতে হবে। তরুণদের নিজেদের পরিবারের প্রতি দায়িত্ব পালন করতে হবে। তরুণরা তাদের পরিবার, সমাজকে মুল্যায়ন করতে পারলে দেশকে সুন্দর ভাবে পরিচালনা করতে পারবে। একমাত্র তরুণরাই পারে মাদক, অনলাইন জোয়া, দূণীতি মুক্ত দেশ গড়তে। শুধু নিজেকে নিয়ে নয়, তরুণদের সবাইকে নিয়ে চিন্তা করার আহবান জানান তিনি।

মতবিনিময় সভায় জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও উপস্থিত ছিল।

মেহেরপুরে জিসান স্মৃতি ফুটবল টুর্নামেন্টে ফাইনাল খেলা অনুষ্ঠিত

মেহেরপুরে জিসান স্মৃতি ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৮ অক্টোবর) বিকেলে মেহেরপুর সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে এ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবদলের সদস্য ও জিসান স্মৃতি ক্লাবের সভাপতি মেহেদী হাসান রোলেক্সের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর বিএনপি’র যুগ্ন সাধারন সম্পাদক আবু তালেব ও যুবদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এ সময় জাহাঙ্গীর বিশ্বাস বলেন তরুণ প্রজন্মকে মাদকাসক্তি, সামাজিক যোগাযোগে মাধ্যমের আসক্তি থেকে দুরে রাখতে সকলকে খেলাধুলায় আরও বেশি সম্পৃক্ত হতে হবে। যাতে নতুন প্রজন্ম বিপথে যাওয়ার পরিবর্তে খেলাধুলায় সময় কাটাতে পারে। খেলাধুলা শারীরিক ও মানসিক মেধার বিকাশ ঘটায় এবং শরীর ও মনকে চাঙ্গা রাখে। লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা মানুষের মনকে সচেতন করে তোলে।

আলমডাঙ্গায় সাংবাদিক সম্মেলন

অনুষ্ঠিত

জমি সংক্রান্ত বিরোধের তদন্ত পূর্বক সুষ্ঠ বিচার ও জীবনের নিরাপত্তা ঝুকি এড়াতে প্রশাসনের দৃষ্টি আকর্ষন করে সাংবাদিক সম্মেলন করেছেন আলমডাঙ্গার হাড়গাড়ি গ্রামের ভাদু মালিতা।

আজ শনিবার তিনি এ সাংবাদিক সম্মেলের আয়োজন করেন।

লিখিত সাংবাদিক সম্মেলনে ভাদু মালিতা জানান, গত ১১ ফ্রেবুয়ারী আমার মালয়েশিয়া প্রবাসি ছেলে আক্তারুজ্জামান সকাল সাড়ে ৭ টার দিকে বাজার থেকে বাড়ি ফিরছিল। পথিমধ্যে গ্রামের মৃত নুর মোহাম্মদের ছেলে এক সময়ের সিরাজ বাহিনীর সন্ত্রাসী নাসির উদ্দিন সহ তার দলবল জমি জায়গা নিয়ে অযুহাত দিয়ে দ্বন্দ্ব তৈরী করে। এরই জের ধরে মৃত ফয়েজ উদ্দিনের ছেলে মজনু, মৃত রাজ আলী মন্ডলের ছেলে আনোয়ার হোসেনের নির্দেশে নাসির উদ্দিন তার দলবল জান্টু,আব্দুস সামাদকে সাথে নিয়ে আমার ছেলে আক্তারুজ্জামানকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে জখম করে। তারা পূর্বে আমার ছেলের কাছে চাঁদা দাবী করে না পেয়েই এ ঘটনা ঘটায়। পরে আমার ছোটভাইসহ স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে।

এ মারধরের ঘটনায় ওই রাতেই ৫ জনকে আসামী করে মামলা দায়ের করি। মামলা আদালতে চলমান রয়েছে। তারা আদালত থেকে জামিন নিয়ে এসে স্থানীয় আওয়ামী লীগের প্রভাব খাটিয়ে মামলার ৩ আসামী নাসির হোসেন,জান্টু ও আব্দুস সামাদ আমাদের নানাভাবে উপর চাপ প্রয়োগ করতে থাকে। রাস্তা ঘাটে দেখা হলেই তারা আমাদের প্রাণ নাশের হুমকি দেয়।আমি, আমার পরিবারসহ ভাই ভাতিজারা নিরাপত্তা হীনতায় ভুগছি। গত বৃহস্পতিবার (২৪ অক্টোবর) সকালে আমি গ্রামের আশরাফুলের চায়ের দোকানে গেলে সন্ত্রাসী নাসির হোসেন সবার সামনে আমার গলা চেপে ধরে মামলা তুলে না নিলে হত্যার হুমকি দেয়।

সাংবাদিক সম্মেলনে তিনি আরও উল্লেখ করেন শুধু আমি না গ্রামের অনেকেই তার সন্ত্রাসের শিকার। সন্ত্রাসী নাসির হোসেন আওয়ামী লীগের আমলে নানা অপকর্ম করে গত ৫ আগস্টের পর পট পরিবর্তন হলে বিএনপির নেতা দাবী করে নানা সন্ত্রাসী কর্মকান্ড করছে। এক সময়ে সিরাজ বাহিনীর সন্ত্রাসী হওয়ায় আমাদের বিভিন্ন ভাবে অস্ত্রের ভয় দেখায়। তার অত্যাচারে মানুষ অতিষ্ঠ। আমি সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রশাসনের দৃষ্টি আকর্ষন পূর্বক সন্ত্রাসী কর্মকান্ডের

সুষ্ঠ বিচার ও আমাদের পরিবারের সকলের জীবনের নিরাপত্তার দাবী জানাচ্ছি।

মেহেরপুরের আন্তঃস্কুল বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত

দেশের স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রচলিত সহশিক্ষা কার্যক্রমের মধ্যে বিতর্ক অন্যতম। বাগ্মিতা, চিন্তনদক্ষতা ও যুগের সঙ্গে অতি প্রাসঙ্গিক গুণগুলোর ব্যাপারে শিক্ষা ও চর্চা হয় এর মাধ্যমে।

প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের পাশাপাশি মাধ্যমিক পর্যায়ে স্বল্প পরিষরে কার্যক্রম শুরু করেছে সরকারের উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান মানব উন্নয়ন কেন্দ্র (মউক)।

এরই প্রেক্ষিতে আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর) মেহেরপুর সদর উপজেলার সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ে শিশুবিবাহ নিয়ে এক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এই অনুষ্ঠানের আয়োজন করে। সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক মো: মোস্তাক আহাম্মদের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদ।

সহকারি প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন শিক্ষক মিনারুল ইসলাম, মীর শফিকুল ইসলাম, প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা এবং মো: আবু তালেব।

বিতর্কে বিবাহ আইন, বাল্যবিয়ের কুফল, আইনগত তথ্য, দেনমহর, রেজিষ্টেশন সহ শিশুবিবাহের বিভিন্ন তথ্য তুলে ধরে শিক্ষার্থীরা বক্তব্য উপস্থাপনা করে।

[redacted]

[redacted]

মেহেরপুরের সাহেবপুরে বিদ্যালয় ভিত্তিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ বুধবার সকাল ১০ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ‘‘ সাহেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় ভিত্তিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

মো: সাজদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মো: মিনারুল ইসলাম ।

এ সময় প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা, পি.টি.এ সদস্য মো: বাবুর আলী ও ফারহানা খাতুন।

এ ছাড়া অনুষ্ঠানে এস.এম.সি, পি.টি.এ ও ওয়াচ গ্রুপের সদস্য সহ জনপ্রতিনিধগণ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় নিরাপদ সড়ক চাই দিবস উপলক্ষে র্যালি ও সমাবেশ অনুষ্ঠিত

‘ছাত্রজনতার অঙ্গীকার, নিরাপদ সড়ক হোক সবার’ এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গায় নিরাপদ সড়ক চাই (নিসচা) দিবস পালন করা হয়েছে।

আজ মঙ্গলবার সকাল সাড়ে নয়টায় নিসচার চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে এই দিবসটি পালনসহ র্যালি ও সমাবেশ করা হয়।

এসময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয় চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের কোর্ট মোড় ঘুরে একই স্থানে এসে র্যালি শেষ করা হয়। ওই সময় চুয়াডাঙ্গা নিসচার দিবসটি সফল করতে র্যালিতে অংশনেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান। এরপর এই দিবসের র্যালি শেষ করে সংগঠনটির সভাপতি এ্যাড. মানিক আকবরের সভাপতিত্বে সমাবেশ সভা করা হয়।

সভায় বক্তারা বলেন, সড়ক যেন হয় শান্তির, মৃত্যুর নয়। তাই সকলকে সড়কের নিয়ম মেনে চলাচল করতে হবে। সড়কের চলাচলের মোবাইল ফোনে কথা বলা যাবে না। এতে দূর্ঘটনার ঝুকি থাকে। ড্রাইভিং লাইসেন্সবিহীন অদক্ষ চালক, অবৈধ যানবাহন সড়ক নিরাপত্তার যে ঝুঁকি তৈরি করে, সড়ক পরিবহন মালিক-শ্রমিক তা উপলব্ধি করে এ থেকে বেরিয়ে আসতে পারলে নিরাপদ সড়কের প্রত্যাশা পূরণ অনেকটাই সহজ হবে। প্রায় তিন দশক আগে এই দিনে বান্দরবানে শুটিংয়ে থাকা স্বামী ইলিয়াস কাঞ্চনের কাছে যাওয়ার পথে চট্টগ্রামের অদূরে চন্দনাইশে সড়ক দুর্ঘটনায় নিহত হন জাহানারা কাঞ্চন। সেই থেকে নিরাপদ সড়কের জন্য আন্দোলন করে আসছেন চিত্রনায়ক ইলিয়াস কাঞ্চন। ‘পথ যেন হয় শান্তির, মৃত্যুর নয়’ এই স্লোগান নিয়ে গড়ে তোলেন সামাজিক সংগঠন-নিরাপদ সড়ক চাই (নিসচা)। এই আন্দোলনের ধারাবাহিকতায় ২০১৭ সাল থেকে দেশে দিবসটি জাতীয় ভাবে পালন হচ্ছে।

সভায় উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা নিরাপদ সড়ক চাই (নিসচার) সাধারন সম্পাদক জাকির হোসেন, সহ-সভাপতি কানিজ সুলতানা, সহ-সভাপতি রফিকুল ইসলাম, যুগ্ম-সম্পাদক কামরুজ্জামান সেলিম, জামান আখতার, শামিম আহমেদ বিপ্লব, সমাজকল্যান ও ক্রীড়া বিষয়ক সম্পাদক মামুন মোল্লা, মহিলা বিষয়ক সম্পাদক তানজিলা মিনি, দপ্তর সম্পাদক শেখ লিটন, সদস্য ইলিয়াস হোসেন, বিজন, মাজেদুল, ওবাইদুল ইসলাম তুহিন সহ অন্যান্যরা।

মুজিবনগরে পল্লী সঞ্চয় ব্যাংকের উঠান বৈঠক অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের উদ্যোগে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২২ অক্টোবর) দুপুরে উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামে পল্লী সঞ্চয় ব্যাংকের একটি বাড়ি একটি খামার সমিতির উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

উঠান বৈঠকে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহেনাজ।

উঠান বৈঠকে উপস্থিত মহিলাদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, আপনাদের সন্তানদের দেখে শুনে রাখবেন বর্তমান সমাজে অনলাইন জুয়া, মাদক এবং বাল্যবিবাহে বিস্তার ঘটছে এগুলো থেকে আপনি দূরে থাকবেন আপনার সন্তানকেও থেকে দূরে রাখবেন। ১৮ বছর বয়স হওয়ার আগে আপনাদের সন্তানদের মোটর বাইক কিনে দিবেন না কারণ মোটরবাইকে দুর্ঘটনা ঘটলে আপনার সন্তানদের অনেক বড় ক্ষতি হয়ে যেতে পারে এমনকি আপনি আপনার সন্তানকেও হারাতে পারেন তাই তাদেরকে বোঝাবেন এবং তাদের প্রতি খেয়াল রাখবেন তারা যেন মাদকাসক্ত না হয়ে পড়ে এবং অনলাইন জুয়ায় যেন জড়িয়ে না পড়ে।

সময় উঠান বৈঠকে উপস্থিত ছিলেন, পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক আলমগীর কবির, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, পল্লি সঞ্চয় ব্যাংকের জুনিয়র অফিসার মুছারুউদ্দিন সহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং একটি বাড়ি একটি খামারের সদস্যাবৃন্দ।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়।

বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) ইমরান জাকারিয়া, জেলা ড্রাগণ চাষী সকল্যাণ সমিতির সভাপতি টিপু সুলতান ও সাধারণ সম্পাদক আহসুনুল হাবিব ডন, মুক্তা চাষ বিশেষজ্ঞ ড. মোঃ নজরুল ইসলাম, এ্যাভোকাডো চাষী হারুনর রশিদ প্রশূখ ।

অনুষ্ঠানে কৃষক পরিবারের পক্ষ থেকে ১২দফা সুর্নিদিষ্ট প্রস্তাবনা তুলে ধরে আলোচনা করেন কৃষি উদ্যোক্তা কামরুজ্জামান। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন মুস্তাফিজুর রহমান টুটুল।

অনুষ্ঠানে বক্তারা, সার সিন্ডিকেট বন্ধ, ফসল বীমা, সরকারি অফিসে কৃষকদের কাজের অগ্রাধিকার, উপজেলা পর্যায়ে হিমাগার স্থাপনা, ডিজেলের দাম কমানোসহ কৃষি ক্ষেত্রে কর্মরত অবস্থায় কৃষক মারা গেলে রাষ্ট্রীয় সম্মানা প্রদাণসহ কয়েকটি দাবী পেশ করেন।

দিনব্যাপী সমাবেশে জেলার বিভিন্ন উপজেলার সাড়ে ৩’শ কৃষক এ সমাবেশে অংশ নেয়।